




বিষয় খণ্ডকালীন প্রভাষক ও সহকারী শিক্ষক নিয়োজিতকরণের বিজ্ঞপ্তি

আশুগঞ্জ সার কারখানা কলেজে নিম্নবর্ণিত বিষয়ে খণ্ডকালীন/চুক্তিভিত্তিক (No Work No Pay) প্রভাষক ও সহকারী শিক্ষক নিয়োজিতকরণের নিমিত্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রম	পদবি	বিষয় ও পদসংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	নিয়োগের ধরন ও সম্মানী	মন্তব্য
০১	প্রভাষক-০৪ জন	আইসিটি-০২ ইংরেজি-০১ জীব বিজ্ঞান-০১	ক) আইসিটি বিষয়ের ক্ষেত্রে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ICT/ICE/CSE বিষয়ের অনার্স পাশ হতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাবেন। খ) ইংরেজি বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনার্সসহ মাস্টার্স থাকতে হবে। গ) জীব বিজ্ঞানের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে উদ্ভিদ বিজ্ঞান বিষয়ে অনার্সসহ মাস্টার্স থাকতে হবে। কোন ৩য় শ্রেণি গ্রহণ যোগ্য হবে না।	খণ্ডকালীন চুক্তিভিত্তিক (No Work No Pay) ক্লাস প্রতি সম্মানী ৮০০/- (আটশত) টাকা, মাসিক সর্বোচ্চ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা (আয়করসহ)।	
০২	সহকারী শিক্ষক-০৫ জন	রসায়ন-১, পদার্থ-১, সংগীত-১ ও আইসিটি-২	ক) রসায়ন, পদার্থ, সংগীত বিষয়ের ক্ষেত্রে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/সমমান ডিগ্রী থাকতে হবে। খ) আইসিটি বিষয়ের ক্ষেত্রে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইসিটি/ কম্পিউটার বিজ্ঞান/বিএসসি ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/ সমমান ডিগ্রী থাকতে হবে। কোন ক্ষেত্রেই ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়।	খণ্ডকালী চুক্তিভিত্তিক (No Work No Pay) ক্লাস প্রতি সম্মানী ৭০০/- (সাতশত) টাকা মাসিক সর্বোচ্চ ২৮,০০০/- (আঠাশ হাজার) টাকা (আয়করসহ)	

শর্তাবলী :

- আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, স্বামী/স্ত্রীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স (আবেদন গ্রহণের শেষ তারিখে), শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা (যদি থাকে), মোবাইল এবং ইমেইল নম্বর ইত্যাদি উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, চারিত্রিক সনদপত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্বের সনদপত্রের কপিসহ আবেদনপত্র ব্যবস্থাপনা পরিচালক, এএফসিসিএল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া বরাবর আগামী ০৩ অক্টোবর ২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চালাকালীন সময়ে ডাকযোগে পৌছাতে হবে। ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীর বয়স ০৩ অক্টোবর ২০২২ খ্রি. তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের বয়সসীমা শিথিলযোগ্য।
- NTRCA কর্তৃক গৃহীত নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- আবেদনপত্রের সাথে ব্যবস্থাপনা পরিচালক, এএফসিসিএল বরাবরে যে কোন তফসিলি ব্যাংক হতে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
- খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।
- নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নির্বাচনী ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময় মোবাইল ফোনে/ইমেইলের মাধ্যমে জানানো হবে।
- এই বিজ্ঞপ্তি প্রকাশের প্রেক্ষিতে আবেদনপত্র গ্রহণ, বাছাই ও নিয়োগ প্রক্রিয়া আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।
- বিজ্ঞপ্তি ও নির্বাচনী পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য আসাকা কলেজ ওয়েবসাইট afccollege.edu.bd এ পাওয়া যাবে।



অধ্যক্ষ

আসাকা কলেজ

(ব্যবস্থাপনা পরিচালক, এএফসিসিএল-এর পক্ষে)